

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও দায়রা জজ আদালত, নেত্রকোণা-এর নিম্নবর্ণিত শূন্য পদগুলি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০১ (এক)	১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী, কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং প্রাতিষ্ঠানিক নির্ধারিত গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে সাঁটলিপি জানা থাকলে ভালো হয়।
২	অফিস সহায়ক	০১ (এক)	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	যে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

- উপরে বর্ণিত পদসমূহ নিয়োগের ক্ষেত্রে সকল প্রার্থীকে জেলা জজ, নেত্রকোণা বরাবর আবেদন করতে হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখে ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে জারিকৃত চাকুরীর নির্ধারিত আবেদন ফরম এবং ০২ (দুই) কপি প্রবেশপত্র যথাযথভাবে পূরণক্রমে আগ্রহী প্রার্থীগণকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ১৩/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাক/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি পৌঁছাতে হবে। আবেদনপত্রের নমুনা জেলা জজ, নেত্রকোণা-এর ওয়েবসাইট (<http://netrakona.judiciary.org.bd>) হতেও ডাউনলোড করা যাবে।
- প্রার্থীর বয়স ২৮/০৯/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে জেলা জজ, নেত্রকোণা-এর অনুকূলে সোনালী ব্যাংক লি.-এর যে কোন শাখা হতে সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য ২০০/- টাকা মূল্যের এবং অফিস সহায়ক পদের জন্য ১০০/- টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে : (সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিলমোহর থাকতে হবে) :
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রসিদ ছবি।
  - সকল শিক্ষাগত যোগ্যতা, কোটা ও অভিজ্ঞতার প্রমাণস্বরূপ সনদপত্রসমূহের সত্যায়িত ফটোকপি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি।
  - স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশনের চেয়ারম্যান/মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
  - জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- সরকার কর্তৃক জারিকৃত বিধিবিধান অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।
- প্রত্যেক দরখাস্তের সহিত ৯.৫' X ৪.৫' আকৃতির ১৫/- টাকার ডাকটিকিট সঙ্কলিত প্রার্থীর বর্তমান ঠিকানায়ুক্ত ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থী/প্রার্থিনীদের সকল শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সনদের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম, কোটার নাম (কোটা যদি থাকে) অবশ্যই লিখতে হবে।
- সকল পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণ করা হবে।
- অসম্পূর্ণ, ভ্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কোন প্রার্থী ভুল/জাল/তথ্যহীন মূলক কাগজ প্রদর্শন করে নিয়োগ লাভ করলে পরবর্তীতে কর্তৃপক্ষের গোচরীভূত হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- যে কোন সংগত কারণে কর্তৃপক্ষ আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- এই বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ বাতিল করার এবং প্রয়োজনবোধে পদসংখ্যা কমানো অথবা বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বা/-  
(শরাফ উদ্দিন আহমেদ)

সভাপতি  
বাছাই কমিটি

ও

বিচারক (যুগ্ম জেলা ও দায়রা জজ)  
ল্যান্ড সার্ভে ট্রাইবুনাল  
নেত্রকোণা।